

গপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়  
রায়পুরা, নরসিংদী।

স্মারক নং-এফ এস এস এ পি-২/রায়/কিউসি/১০৬/২০০২/১৮৭০

তারিখঃ ০৯/১২/০৭ ইং

প্রেরকঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
রায়পুরা, নরসিংদী।

প্রাপকঃ অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার  
.....বিদ্যালয়/মাদ্রাসা। ৩৭/০৭

বিষয়ঃ মাধ্যমিক পরীক্ষায় প্রশংসনীয় ফলাফলের জন্য শিক্ষা প্রতিষ্ঠানকে উদ্দীপনা পুরস্কার।

সূত্রঃ এফএসএসএপি-২/কিউসি/এসএসসি এ ওয়ার্ড/৫১৯/০৪/৮১৩ তাং- ০১ নভেম্বর ২০০৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের মোতাবেক জানানো যাচ্ছে যে, ২০০৭ সালের এসএসসি/দাখিল পরীক্ষায় প্রশংসনীয় ফলাফলের জন্য তাঁর প্রতিষ্ঠানকে উদ্দীপনা পুরস্কার প্রদানের জন্য নির্বাচিত করা হয়েছে। উদ্দীপনা পুরস্কারের অর্থ ২০,০০০/= (বিশ হাজার টাকা) টিউশন ফির হিসাব নম্বরে প্রেরণের ব্যবস্থা করা হয়েছে।

অর্থ ব্যয়ের নিয়মাবলীঃ-

- ১। পুরস্কারের অর্থ শিক্ষা প্রতিষ্ঠানে মাধ্যমিক স্তরের কর্মরত সকল শিক্ষককে সমান হারে প্রদান করতে হবে।
- ২। অর্থ প্রাপ্তির ০৭(সাত) কর্ম দিবসের মধ্যে একুইটেন্স রেজিস্টার এর মাধ্যমে এই অর্থ বিতরণ করতে হবে।
- ৩। এই অর্থ প্রাপ্তি ও বিতরণের হিসাব ক্যাশ বইতে এন্ট্রি দিতে হবে।
- ৪। বিতরণ পরবর্তী ০২(দুই) কর্মদিবসের মধ্যে প্রদান শিক্ষক কর্তৃক সত্যায়িত একুইটেন্স রেজিস্টারের দুই কপি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে জমা দিতে হবে।

"এই উদ্দীপনা পুরস্কার শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষকদের নিষ্ঠা ও পরিশ্রমের স্বীকৃতি। পুরস্কার প্রাপ্ত প্রতিষ্ঠানকে আগামীতে এই ভাল ফলাফল ধরে রাখা এবং আরও ভাল করার আশায় অভিনন্দন।"

(মোঃ আবুল খায়ের)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার